

Bankim Sardar College

4th Semester Examination

BNG-G-GE-4-4

Subject : BENGALI

Time : 2 hours

Total marks : 90

বিভাগ - ক

১। যে-কোনও পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

(২ X ৫ = ১০)

ক) 'ছিন্নমস্তা' গল্পে ছিন্নমস্তার যে-পৌরাণিক অনুষ্ঙ্গ ব্যবহৃত হয়েছে, পুরাণ অনুসারে তা কোন দেবীর রূপ?

খ) 'পুঁইমাচা' গল্পে কে কী খেতে ভালোবাসত?

গ) তেভাগা আন্দোলনকে কেন্দ্র করে লেখা তোমাদের পাঠ্য একটি ছোটোগল্পের নাম লেখো। গল্পটি কার লেখা?

ঘ) 'অশ্বমেধের ঘোড়া' গল্পে নায়ক-নায়িকা অন্তরঙ্গ মুহূর্তে একে অপরকে কোন সম্বোধনে সম্বোধিত করেছিল?

ঙ) কালিদাসের 'মেঘদূত'-এ ক'টি বিভাগ ও কী-কী?

চ) 'শিক্ষার মিলন' কোন শিক্ষার সঙ্গে কোন শিক্ষার মিলনের কথা বলেছেন রবীন্দ্রনাথ?

ছ) 'কুঁয়াপুরের বিষয়টা অর্জিত হইবার একটু ইতিহাস'-টি লেখো।

জ) 'মতিলাল পাদরী' গল্পে শিশুটির মায়ের পরিণতি কী হয়েছিল?

বিভাগ - খ

২। যে-কোনও একটি প্রশ্নের উত্তর দাও।

(১৫ X ১ = ১৫)

ক) 'পল্লীসমাজ' উপন্যাসের রমা চরিত্রটি বিশ্লেষণ করো।

অথবা

খ) 'পূর্ব ও পশ্চিম' প্রবন্ধে রবীন্দ্রনাথ-এর মূল প্রতিপাদ্য বিষয়টি ব্যাখ্যা করো।

বিভাগ - গ

৩। প্রতিটি প্রশ্নের উত্তর দাও।

(২৫X১=২৫)

ক) 'পল্লীসমাজ' কত সালে প্রকাশিত হয়?

অ) ১৯১৪ আ) ১৯১৫ ই) ১৯১৬ ঙ) ১৯১৭

খ) 'হারানের নাতজামাই' গল্পে কোন আন্দোলনের প্রসঙ্গ আছে?

অ) স্বদেশি আন্দোলন আ) ভারত ছাড়ো আন্দোলন ই) নকশাল আন্দোলন ঙ) তেভাগা আন্দোলন

গ) ভামর কোন গানের সঙ্গে নেচেছিল?

অ) ভাদু আ) টুসু ই) বুমুর ঙ) ভাটিয়ালি

ঘ) 'অশ্বমেধের ঘোড়া' গল্পের কোচোয়ান শেষে কত টাকা চেয়েছিল?

অ) চার টাকা আ) পাঁচ টাকা ই) দশ টাকা ঙ) আড়াই টাকা

ঙ) হাঁসদোয়ার ত্রুশটি কী কাঠের ছিল?

অ) মেহগনি আ) ইউক্যালিপ্টাস ই) শাল ঙ) সেগুন

চ) রৌদ্রে দেওয়া আমসত্ত্ব কোন মাসে তুলত অন্নপূর্ণা?

অ) ফাল্গুন-চৈত্র আ) চৈত্র-বৈশাখ ই) বৈশাখ-জ্যৈষ্ঠ ঙ) জ্যৈষ্ঠ-আষাঢ়

ছ) কোন মাসে ক্ষেত্রির বিবাহ হয়েছিল?

অ) বৈশাখ আ) জ্যৈষ্ঠ ই) আষাঢ় ঙ) শ্রাবণ

জ) গোবিন্দর বাবাকে উদ্দেশ্য করে কে মিথ্যাবাদী বলেছিল?

অ) তারিণী আ) রমেশ ই) গোবিন্দ ঙ) ধর্মদাস

ঝ) কালীচরণের কীসের ব্যবসা ছিল?

অ) কাপড় আ) পাট ই) সরিষার তেল ঙ) মিঠাই

ঞ) 'অশ্বমেধের ঘোড়া' গল্পে আবহে কোন রাগ বাজছিল?

অ) মল্লার আ) ইমনকল্যাণ ই) চন্দ্রকোশ ঙ) দীপক

ট) ক্ষেত্রির বিবাহের ঘটকালি কে করেছিল?

অ) চৌধুরী আ) সহায়হরি ই) অন্নপূর্ণা ঙ) এই তিনজনের কেউ নয়

ঠ) বরোজপাতার বনের মধ্যে কে বসেছিল?

অ) ক্ষেত্রি আ) অন্নপূর্ণা ই) দুর্গা ঙ) সহায়হরি

ড) 'পুরো ক্রিস্চান' কথাটির মধ্যে কোন অনুভব ছিল?

অ) মৈত্রী আ) প্রেম ই) বাৎসল্য ঙ) দাস্য

ঢ) বীণার পারিবারিক পরিচিতি কী?

অ) ডোম আ) পাদরি ই) হাড়ি ঙ) বাগদি

ণ) বীণা দাওয়ায় বসে কী খাচ্ছিল?

অ) তামাক আ) মুড়ি ই) চিঁড়া ঙ) সন্দেশ

ত) ঘোষালবাড়ির গিন্নি-মা কে ছিল?

অ) অন্নপূর্ণা আ) দুর্গা ই) রমা ঙ) বিশ্বেশ্বরী

থ) পল্লিগ্রামে সমাজপতি হলেন

অ) বেণী ঘোষাল আ) পরাণ হালদার ই) যদু মুখুজ্জের কন্যা ঙ) এই তিনজনই

দ) সাক্ষ্য দিতে মধু কোথায় গিয়েছিল?

অ) কলকাতা আ) বহরমপুর ই) মেদিনীপুর ঙ) বর্ধমান

ধ) রসিদ অনুসারে মাস্টারের মাহিনা কত ছিল?

অ) কুড়ি টাকা আ) বাইশ টাকা ই) চব্বিশ টাকা ঙ) ছাব্বিশ টাকা

ন) কিংবদন্তী অনুসারে তক্ষকের দাঁতের আঘাতে কোন গাছ জ্বলে ছাই হয়ে গিয়েছিল?

অ) বট আ) অশ্বথ ই) আম ঙ) জারুল

প) কাদের বাড়িতে খোঁটা দারোয়ান ছিল?

অ) ভট্টাচার্য আ) চ্যাটার্জি ই) ব্যানার্জি ঙ) মুখার্জি

ফ) 'কেকাধ্বনি' প্রবন্ধের লেখকের মতানুযায়ী মানসিক আনন্দ কী?

অ) একটি সুগভীর সামঞ্জস্যের আনন্দ আ) সংস্থান সমাবেশের আনন্দ ই) দূরবর্তীর সঙ্গে যোগ-
সংযোগের আনন্দ ঙ) সব ক'টি

ব) 'শিক্ষার মিলন' প্রবন্ধ অনুসারে শক্তিহীনতায় প্রধান আড্ডা কী?

অ) ভীরুতা আ) বুদ্ধি ই) সাহস ঙ) কর্তৃত্ব

ভ) ভারতবর্ষের ইতিহাস কার ইতিহাস?

অ) হিন্দুদের আ) মুসলিমদের ই) ইংরেজদের ঙ) মানবের

ম) ভারতবর্ষ কখন সম্পূর্ণতা থেকে বঞ্চিত হত?

অ) পশ্চিমের সংস্রব থেকে বঞ্চিত হলে আ) মুসলিমদের সংস্রব থেকে বঞ্চিত হলে ই) আর্ষদের সংস্রব থেকে বঞ্চিত হলে ঙ) অনার্যদের সংস্রব থেকে বঞ্চিত হলে

বিভাগ - ঘ

৪। যে-কোনও চারটি প্রশ্নের উত্তর দাও।

(১০ x ৪ = ৪০)

ক) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'না' গল্পের নামকরণ কতদূর সার্থক হয়েছে, আলোচনা করো।

খ) 'মতিলাল পাদরী' ধর্মের মূল ভাবনা মানবতাকেই উর্ধ্ব ধারণ করেছে, আলোচনা করো।

গ) 'পুঁইমাচা' গল্পের সঙ্গে প্রকৃতি ওতপ্রোতভাবে জড়িয়ে আছে, আলোচনা করো।

ঘ) 'পল্লীসমাজ' উপন্যাসে রমা ও রমেশের সম্পর্কের স্বরূপ বিশ্লেষণ করো।

ঙ) 'অশ্বমেধের ঘোড়া' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

ছ) 'মেঘদূত' প্রবন্ধে ঐতিহ্যের প্রতি লেখকের যুক্তি এবং আবেগ একাকার হয়ে গেছে, আলোচনা করো।

জ) প্রতিরোধ প্রতিবাদেরই অন্য নাম। 'হারানের নাতজামাই' গল্প অবলম্বনে ব্যাখ্যা করো।